NYC Department of Education

# জেনে নিন ও জানিয়ে দিন

## একটি শিক্ষার্থী-কেন্দ্রীক IEP তৈরির জন্য পরিবার ও স্কুলসমূহের জন্য একটি সহায়ক নির্দেশিকা



## এলিমেন্টারি স্কুল



# ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

*প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের লক্ষ্য বাস্তবায়নের পথে অগ্রসর হতে ও লক্ষ্য অর্জন করতে সহায়তা প্রদান করা হলো IEP-এর কাজ। একটি উচ্চ মানের IEP তৈরিতে আপনার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালো জানেন এবং ভিন্ন ভিন্ন পরিবেশে সন্তানের আচরণ সম্পর্কে একমাত্র আপনিই ভালো বলতে পারবেন। সুতরাং, আপনার সন্তানের IEP তৈরি, পর্যালোচনা এবং হালনাগাদ করায় আপনার অংশগ্রহণ গুরুত্বপূর্ণ।*

*আপনার সন্তানের সামর্থ্য, আগ্রহ, দুর্বলতা, এবং লক্ষ্যসমূহের প্রতিফলন ঘটায়, এমন একটি IEP তৈরি করলে সেটা স্কুলে, বাড়িতে, সমাজে এবং সর্বত্র তার সাফল্যের সম্ভাবনা বৃদ্ধি করবে। এই সহায়ক উপকরণ IEP মিটিং-এ এবং বছরব্যাপী জানার জন্য গুরুত্বপূর্ণ প্রশ্নের জোগান দেয় এবং বিনিময়োগ্য তথ্যের সুপারিশ করে।*

## IEP মিটিংয়ের জন্য প্রস্তুতি

আপনার সন্তানের IEP মিটিং-এর প্রস্তুতি হিসেবে অবশ্যই নিচের কাজগুলো করবেন:

- IEP মিটিংয়ের আমন্ত্রণপত্র/নোটিস ভালো করে পড়বেন এবং উপস্থিতি নিশ্চিত করবেন অথবা ভিন্ন তারিখ/সময় ঠিক করার অনুরোধ জানাবেন।
- যদি যথাযথ হয়, আপনার সন্তানকে আংশিক বা পুরো মিটিং-এ অংশগ্রহণের জন্য প্রস্তুত করুন।
- IEP মিটিং-এ অংশগ্রহণের জন্য আপনি হয়তো 'ফ্যামিলি অ্যান্ড মেডিকেল লিভ অ্যাক্ট' (FMLA)-এর অধীনে "সবিরাম ছুটি (ইন্টারমিটেন্ট লিভ)" ব্যবহার করতে পারবেন। তদনুমোদন লাভের জন্য কোন্ ডকুমেন্ট প্রয়োজন, সে ব্যাপারে আপনার নিয়োগদাতার কাছে প্রশ্ন করুন। যদি এমন কোনো অংশ থেকে থাকে যা কোনো DOE টিমের সদস্যের পূরণ করতে হবে, সেজন্য মিটিং-এ কাগজপত্রগুলো নিয়ে যাবেন।
- IEP মিটিং-এর নোটিসের সাথে আপনি কিছু মূল্যায়ন এবং/অথবা প্রোগ্রেস রিপোর্ট পাবেন যেগুলো IEP মিটিং-এ বিবেচনা করা হবে। আপনি যদি সেসব রেকর্ড না পেয়ে থাকেন, তাহলে IEP মিটিং-এর নোটিসে তালিকাভুক্ত যোগাযোগের ব্যক্তির সাথে যোগাযোগ করবেন।
- আপনার ভাষাগত সহায়তার (যেমন একজন দোভাষীর) প্রয়োজন হলে কমপক্ষে তিন কার্য দিবস আগে আপনার IEP টিমকে জানাবেন। চূড়ান্তকৃত IEP-র একটি কপি আপনার পছন্দের ভাষায় পাবার অধিকার আপনার রয়েছে। যদি আপনি আপনার সন্তানের IEP অথবা মূল্যায়নের অনুবাদকৃত সংস্করণ পেতে চান তাহলে আপনার ডিস্ট্রিক্ট প্রতিনিধিকে অবহিত করুন।
- আপনি IEP মিটিং-এ একজন পিতামাতা সদস্যের উপস্থিতির অনুরোধ জানাতে পারেন। একজন পিতামাতা সদস্য হচ্ছে নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী এমন একজন শিক্ষার্থীর পিতামাতা, যার বিগত পাঁচ বছরের মধ্যে একটি IEP ছিল। একজন পিতামাতা সদস্যের অংশগ্রহণের অনুরোধ করতে হলে কমপক্ষে 72 ঘণ্টা আগে তা IEP টিমের কাছে লিখিতভাবে জানাতে হবে।
- আপনি IEP মিটিং-এ পরিবারের অন্যান্য সদস্যদের অথবা আপনার সন্তান সম্পর্কে জানেন বা বিশেষ অভিজ্ঞ, তেমন কাউকে আমন্ত্রণ জানাতে পারবেন। বাড়তি কাউকে আনতে চাইলে আপনাকে IEP-কে অগ্রীম জানাতে হবে।
- যদি আপনার বাড়তি তথ্য থাকে (যেমন বেসরকারি মূল্যায়ন) কিংবা আপনি যদি চান যে IEP টিম IEP-তে কোনো বিশেষ পরিবর্তনের কথা বিবেচনা করুক, তাহলে IEP-টিমকে আগে থেকেই জানান।

## আরও রিসোর্স বা তথ্য উপকরণ

স্পেশাল এডুকেশন প্রোগ্রাম, সহায়তা ও পরিষেবা, এবং NYC পাবলিক স্কুলগুলোর IEP প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে *স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য এই স্পেশাল এডুকেশন সার্ভিসের পারিবারিক গাইড* দেখুন, এটি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE)-এর এই ওয়েবসাইটে পাওয়া যাবে: http://schools.nyc.gov/SpecialEducation

# বিষয়সূচি

*(IEP-এর সেকশনগুলোর অনুরূপ ক্রমানুযায়ী)*

1 ........ এই রিসোর্সটি কীভাবে ব্যবহার করবেন
2 ........ কিন্ডারগার্টেনে স্থানান্তর
3 ........ মিডল স্কুলে স্থানান্তর
4 ........ আলোচ্যসূচি, উপস্থিতির পৃষ্ঠা ও ভূমিকা
5 ........ প্রচ্ছদ
6 ........ কর্মক্ষমতা (পারফর্মেন্স) (PLOP) ও ব্যক্তিক (ইন্ডিভিজুয়াল) চাহিদার বর্তমান স্তর
14 ........ বিশেষ অবস্থার (স্পেশাল ফ্যাক্টর) সাথে সম্পর্কিত শিক্ষার্থীর চাহিদা
15 ........ পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্য
16 ........ পিতামাতাকে অগ্রগতি অবহিত (রিপোর্ট) করা
17 ........ সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিস
19 ........ পরীক্ষায় বিশেষ সুবিধা (টেস্টিং অ্যাকোমোডেশন)
20 ........ স্টেট এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী মূল্যায়নে অংশগ্রহণ
21 ........ প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের সঙ্গে অংশগ্রহণ
22 ........ বিশেষ পরিবহন
24 ........ সংক্ষিপ্তসার: প্রমোশনের শর্ত
25 ........ সংক্ষিপ্তসার: পিতামাতার উদ্বেগ ও অন্যান্য বিকল্প যেগুলো বিবেচিত হয়েছে

# এই রিসোর্সটি কীভাবে ব্যবহার করবেন

## IEP মিটিং-এর আগে, মিটিং চলাকালে, এবং পরে

*এই তথ্য-উপাত্ত আপনার সন্তানের IEP মিটিং-এর জন্য প্রস্তুতি ও অংশগ্রহণে সহায়তার জন্য ব্যবহার করা যেতে পারে।*

## IEP মিটিংয়ের আগে

- "কী জিজ্ঞাসা করবেন" সেকশনে যেসব প্রশ্ন আছে, সেগুলো পড়ে নিন। যে প্রশ্ন আপনার পরিকল্পনায় আছে, সেগুলোতে টিক চিহ্ন দিন এবং IEP-এর অন্যসব সেকশন সম্পর্কে আপনার যেসব প্রশ্ন আছে, সেগুলো লিখুন। 'কী জিজ্ঞাসা করবেন'-এর সবগুলো সুপারিশ আপনার বা আপনার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
- "কী জানাতে হবে" সেকশনটি ভালো করে পড়ুন। সন্তান সম্পর্কে কোনো তথ্য জানানর পরিকল্পনা থাকলে সেগুলো প্রস্তুত করুন। কী জানাতে হবে-এর সকল সুপারিশ আপনার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এছাড়াও, আপনি চাইলে বাড়তি তথ্যও জানাতে পারে।
- প্রয়োজন হলে আপনার সন্তান যেসব প্রশ্ন করতে চায়, সেগুলো বেছে নিতে তাকে সহায়তা করুন এবং IEP টিমকে সে যে তথ্য জানাতে চায়, তা নিয়ে তাকে ভাবতে দিন।

## মিটিং চলাকালে

- আপনার কাছে আপনার সন্তানের সর্বসাম্প্রতিক IEP-এর কপি আছে তা নিশ্চিত করুন এবং আপনার সন্তানের IEP টিমকে তার সবগুলো সেকশন একটি একটি করে ব্যাখ্যা করতে বলুন।
- IEP মিটিং-এ যা যা আলোচনা করা হয়, তার নোট রাখবেন।
- "কী জিজ্ঞাসা করবেন" সেকশনে আপনার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য প্রশ্নগুলো করুন এবং ত"কী জানাতে হবে" সেকশনে আপনার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য তথ্য জানিয়ে দিন।
- প্রয়োজন হলে আপনার সন্তানকে প্রশ্ন করতে ও তথ্য প্রদান করতে উৎসাহিত করুন।
- IEP মিটিং সমাপ্ত হওয়ার পর IEP টিমকে আপনাদেরকে খসড়া IEP-এর সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস-এর একটি প্রিন্ট করা কপি এবং সম্ভব হলে চূড়ান্ত IEP-এর একটি কপি দিতে হবে।

## মিটিং শেষে

- এই তথ্য উপকরণ সংগ্রহে রাখবেন। IEP মিটিং শেষে আপনি যখন আপনার সন্তানের পূর্ণাঙ্গ IEP-এর একটি কপি পাবেন, তখন লিখে রাখা নোটগুলো ভালোভাবে পড়বেন। আপনার বাড়তি প্রশ্ন থাকলে, কোনো কিছু অস্বচ্ছ হলে, কিংবা IEP-এর বিষয়বস্তু আপনি যেমনটি আলোচিত হয়েছিল বলে স্মরণ করছেন, তেমন না হলে, IEP টিম-এর সাথে যোগাযোগ করুন।
- IEP মিটিং নিয়ে সন্তানের সাথে কথা বলুন। আপনার সন্তানের কাছে কোনো বাড়তি প্রশ্ন থাকলে বা কিছু অস্পষ্ট থাকলে তা জেনে নিন। সন্তানকে তার শিক্ষকদের সাথে কথা বলতে উৎসাহিত করুন। এটা গুরুত্বপূর্ণ আত্মপক্ষ সমর্থন দক্ষতা বাড়াতে সহায়ক।

## চেকলিস্টসমূহ

এই সহায়ক তথ্য-উপকরণের "কী জিজ্ঞাসা করবেন" এবং "কী জানাতে হবে" সেকশনগুলোর চেকলিস্টগুলো IEP-এর মতো একই ক্রমানুযায়ী সাজানো হয়েছে। IEP-এর প্রতিটি সেকশনের জন্য আপনার সন্তানের IEP টিমকে যেসব প্রশ্ন জিজ্ঞাসা করতে ও সন্তান সম্পর্কে যেসব তথ্য জানাতে পারেন, তার সুপারিশ দেওয়া আছে। IEP মিটিংয়ের আগে আপনি যেসব প্রশ্ন করার এবং যেসব তথ্য জানাবার পরিকল্পনা করেছেন, সেগুলোতে টিক চিহ্ন দিয়ে রাখবেন।

## নোট নেয়ার জন্য নির্ধারিত স্থান

IEP মিটিং চলাকালে IEP টিম আপনার সন্তানের IEP-এর সবগুলো সেকশন একটি একটি করে ব্যাখ্যা করবে। IEP টিমের দায়িত্ব হলো চাহিদা অনুযায়ী আপনাকে IEP-এর প্রতিটি সেকশন সম্পর্কে তথ্য প্রদান করা। আপনি যদি আরও তথ্য চান বা কোন কিছু আপনার কাছে অস্পষ্ট হয়, তাহলে আপনি প্রশ্ন করার সুযোগ নিতে পারেন। এই রিসোর্সটি IEP মিটিংয়ের সময় গুরুত্বপূর্ণ বিষয় লিখে রাখার সরঞ্জাম হিসেবে ব্যবহার করতে পারেন, যেটায় আপনি গুরুত্বপূর্ণ বিষয়ে রেকর্ডে রাখতে পারেন। এজন্য আমরা বাড়তি প্রশ্ন ও তথ্য লিখতে আপনার জন্য শূন্য স্থান রেখেছি।

# কিন্ডারগার্টেনে স্থানান্তর

আপনার সন্তানের IEP মিটিং হচ্ছে, আসন্ন বছরে আপনার সন্তানের কোনো উত্তরণমূলক বিষয় থাকলে সেগুলো নিয়ে আলোচনা করার একটি গুরুত্বপূর্ণ সময়।পূর্ণ সময়। এই IEP মিটিংয়ে আপনার সন্তানকে প্রস্তুত হতে সহায়তা করবে, এমন প্রশ্ন জিজ্ঞাসার ও তথ্য বিনিময় করার সুযোগ হিসেবে ব্যবহার করুন।

আপনার সন্তানের কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশনের চাহিদা আছে কিনা, এবং চাহিদা থাকলে ঐসব পরিষেবা কী হবে সেটি নির্ধারণের জন্য স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা রয়েছে এমন একজন নবাগত কিন্ডারগার্টেনারের পরিবার হিসেবে, আপনি "টার্নিং 5" প্রক্রিয়ায় অংশ নিতে পারেন। যে বছরে আপনার সন্তান পাঁচ বছর বয়সী হবে, তখন আপনি একটি স্কুল থেকে অফার লাভের জন্য কিন্ডারগার্টেনে আবেদন করতে পারবেন। অনেক কিন্ডারগার্টেনার যাদের স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা রয়েছে তারা কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে প্রস্তাব লাভকারী স্কুলে এইসব পরিষেবা পেতে পারে ও তারা সেগুলিতে অংশ নেয়।

টার্নিং 5 প্রক্রিয়ার সময়, DOE আপনার সন্তানের কেসটি একটি পাবলিক স্কুল অথবা ডিস্ট্রিক্ট কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসের একটি টিমের কাছে প্রদান করবে। এই টিম আপনার সন্তানের ফাইল পর্যালোচনা করবে এবং নতুন মূল্যায়নের প্রয়োজন আছি কিনা সেটি নির্ধারণ করবে। আপনার সন্তানের যেকোন মূল্যায়ন সমাপ্ত হবার পর, আপনার সন্তানের IEP টিম সদস্য হিসেবে আপনাকে কিন্ডারগার্টেন IEP মিটিংয়ে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হবে। IEP টিম মিটিংয়ে, আপনার সন্তানের কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা আছে কিনা সেটি IEP টিম নির্ধারণ করবে। যদি তাই হয়, IEP টিম আপনার সন্তানের IEP তৈরি করবে। IEP-তে আপনার সন্তান কিন্ডারগার্টেনে যে স্পেশাল এডুকেশন কর্মসূচি এবং/অথবা সম্পর্কিত পরিষেবা লাভ করবে তার বিবরণ থাকবে। এছাড়া, IEP-তে আপনার সন্তানের কী ধরনের স্কুলের চাহিদা রয়েছে সেটিরও উল্লেখ থাকবে। এটিকে বিনিময়যোগ্য "আসন প্রদানের সুপারিশ।"

"টার্নিং 5" (পাঁচ বছর বয়সী হওয়ার) প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্যের জন্য, https://www.schools.nyc.gov/learning/special-education/preschool-to-age-21/moving-to-kindergarten. সাইটে কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন গাইড দেখুন।

## টার্নিং 5 এবং কিন্ডারগার্টেনে স্থানান্তর

- আপনার সন্তানের IEP মিটিং সম্ভবত তার জোনভুক্ত এলিমেন্টারি স্কুলে অনুষ্ঠিত হবে। দয়া করে মনে রাখবেন যে নির্দিষ্ট কোনো স্কুলে IEP মিটিংয়ের অর্থ এই নয় যে আপনার সন্তান ঐ স্কুলে পড়াশোনা করবে।
- যদি আপনার সন্তান বর্তমানে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণ করে, তাহলে IEP টিম হয়ত আপনার সন্তানের বর্তমান শিক্ষক/পরিষেবা প্রদানকারীকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারে।
- যদি মিটিং পরিচালনাকারী DOE প্রতিনিধি আপনার জোনভুক্ত স্কুলে কাজ না করেন, তাহলে IEP টিম আপনার জোনের স্কুল থেকে একজন প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে পারেন।
- আপনার সন্তানকে যদি কিন্ডারগার্টেনে ভর্তির জন্য অন্য স্কুল থেকে প্রস্তাব দেয়া হয়ে থাকে, অনুগ্রহ করে DOE-এর সাথে মিটিংয়ের পূর্বে যোগাযোগ করুন; যেন সেই স্কুলের একজন প্রতিনিধিকে সভায় আমন্ত্রণ জানানো যেতে পারে।
- কিন্ডারগার্টেনে যে স্কুল-বয়সীদের স্পেশাল এডুকেশন সার্ভিস অফার করা হয়েছে সেটা আপনার সন্তানের প্রাপ্ত প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিস-এর চেয়ে ভিন্ন। IEP টিমকে জিজ্ঞাসা করুন স্কুল-বয়সীদের পরিষেবা প্রিস্কুল পরিষেবা সাথে কীভাবে মিল রয়েছে অথবা ভিন্ন।
- IEP মিটিং চলাকালে, আপনার সন্তানের কিন্ডারগার্টেনে স্থানান্তর সম্পর্কে প্রশ্ন করবেন ও কোনো উদ্বেগ থাকলে তা জানাবেন।

# মিডল স্কুলে স্থানান্তর

আপনার সন্তানের IEP মিটিং হচ্ছে, আসন্ন বছরে আপনার সন্তানের কোনো উত্তরণমূলক বিষয় থাকলে সেগুলো নিয়ে আলোচনা করার একটি গুরুত্বপূর্ণ সময়। এই IEP মিটিংয়ে আপনার সন্তানকে প্রস্তুত হতে সহায়তা করবে, এমন প্রশ্ন জিজ্ঞাসার ও তথ্য বিনিময় করার সুযোগ হিসেবে ব্যবহার করুন।
ডিস্ট্রিক্ট স্কুলের IEP-যুক্ত শিক্ষার্থীরা তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের একই মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামের শিক্ষার্থীরা যারা মিডল্ স্কুলে ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামগুলোতে পড়াশোনা অব্যাহত রাখবে, তাদের মিডল্ স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে না। স্বল্প বিধি-নিষেধযুক্ত পরিবেশ আপনার সন্তানের জন্য এখন সঠিক কিনা তা আপনার IEP টিমের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিন। মিডল্ স্কুলে ভর্তি প্রক্রিয়ার সম্পর্কে আরও তথ্যের জন্য, ভিজিট করুন www.schools.nyc.gov/enrollment/enroll-grade-by-grade/middle-school.

## মিডল্ স্কুলে উত্তরণ

- আপনি সন্তান যদি চতুর্থ (4) গ্রেড-এ পড়ছে, তাহলে মিডল্ স্কুলে আবেদন প্রক্রিয়ার জন্য প্রস্তুত হতে, আপনার সন্তানের এলিমেন্টারি স্কুলে গুরুত্বপূর্ণ তারিখ ও শেষ তারিখ সম্পর্কে প্রশ্ন করতে ভুলবেন না। আপনার সন্তান পঞ্চম গ্রেডে মিডল্ স্কুলে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু করবে, যদিনা সে এমন একটি এলিমেন্টারি স্কুলে পড়ছে যেটা ষষ্ঠ গ্রেডে শেষ হচ্ছে। সেক্ষেত্রে, তারা ষষ্ঠ গ্রেডে আবেদন প্রক্রিয়া শুরু করবে।
- আপনার সন্তান পরবর্তী বছর কোন্ মিডল্ স্কুলে যাবে তা আপনি যদি ইতোমধ্যে জানেন, তাহলে অনুগ্রহ করে IEP টিমকে অবহিত করুন। স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং/অথবা পরিষেবা সম্পর্কে তথ্য জানার জন্য EP টিম স্কুলের সাথে যোগযাযোগ করতে পারে। তথাপি, আপনার সন্তানের মিডল্ স্কুল তার পরবর্তী বছরে ভর্তির জন্য সক্রিয়ভাবে পরিকল্পনা করবে।
- আপনার সন্তানের মিডল্ স্কুলের অনন্য বৈশিষ্ট্যসমূহ রয়েছে যা তার এলিমেন্টারি স্কুলে যে অভিজ্ঞতা অর্জন করেছে সেটা থেকে ভিন্ন হতে পারে (যেমন, শিক্ষাগত এবং আচরণগত প্রত্যাশা, ক্লাসের কাঠামো, সময়সূচি, এবং স্বনির্ভরতার স্তর)। তআপনার IEP টিমকে এই পার্থক্যগুলো এবং আপনার সন্তান কীভাবে সহায়তা পাবে তা ব্যাখ্যা করতে বলুন।
- IEP মিটিং চলাকালে, অবশ্যই প্রশ্ন করবেন ও আপনার সন্তানের মিডল্ স্কুলে স্থানান্তর সম্পর্কে কোনো উদ্বেগ থাকলে তা জানাবেন।

# আলোচ্যসূচি, উপস্থিতির পৃষ্ঠা ও ভূমিকা

*IEP টিমকে নিজেদের পরিচয় দিতে হবে এবং IEP মিটিং-এর লক্ষ্য নিয়ে আলোচনা করতে হবে। উপস্থিতির পৃষ্ঠায় উপস্থিত সবাইকে স্বাক্ষর করতে হবে। মনে রাখবেন, আপনার স্বাক্ষর IEP মিটিং-এ আপনার উপস্থিতির প্রমাণ তহিসেবে কাজ করবে। এটা আবশ্যিকভাবে প্রমাণ করবে না যে আপনি IEP মিটিং-এর সুপারিশসমূহের সাথে একমত আছেন বা সম্মতি দিয়েছেন।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ আপনারা সবাই আপনাদের নাম এবং আমার সন্তানের সাথে কীভাবে কাজ করছেন, জানাবেন কি?
- ☐ IEP মিটিং-এর উদ্দেশ্য কী?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ আপনার নাম ও সন্তানের সাথে আপনার সম্পর্ক
- ☐ আপনার সন্তান IEP মিটিং-এর একটি অংশে, নাকি পুরোটাতেই অংশগ্রহণ করবে
- ☐ এমন কেউ কি আছেন (যিনি ইতোমধ্যে উপস্থিত নেই) যাকে আপনি চাইছেন মিটিংয়ে অংশগ্রহণ করুক
- ☐ IEP মিটিং থেকে আপনি যা জানবেন বলে প্রত্যাশা করেন

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: IEP মিটিং-এর তারিখ, IEP মিটিং-এর ধরন (প্রাথমিক, বার্ষিক পর্যালোচনা, পূনর্মূল্যায়ন), কক্ষের সবার নাম ও ভূমিকা লিখে রাখুন।

## পরামর্শসমূহ

- IEP মিটিং সমাপ্ত হওয়ার পর টিম আপনাদেরকে খসড়া IEP থেকে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস-এর একটি কপি দেবে। যদি তা দেয়া না হয়, তাহলে আপনি তা চেয়ে নিতে ভুলবেন না। তচূড়ান্ত IEP-এর একটি কপি মিটিং-এর পর আপনার কাছে পাঠানো হবে।
- এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে, ডকুমেন্ট চূড়ান্ত করার পরও কিন্তু IEP প্রক্রিয়া চলমান থাকে। আপনি যে কোনো সময় আপনার সন্তানের IEP পর্যালোচনার বা পূনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন।
- IEP মিটিং চলাকালে নোট লিখে রাখবেন এবং চূড়ান্তকৃত IEP-এর সাথে মিলিয়ে দেখবেন। আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে তা IEP টিমকে জানাবেন।

## প্রচ্ছদ

*প্রচ্ছদ বা কভার পেজ আপনার সন্তানের নাম, জন্মতারিখ, প্রতিবন্ধিতার শ্রেণী ও IEP-এর বার্ষিক পর্যালোচনার তারিখ প্রদর্শন করে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তানের প্রতিবন্ধিতা কোন্ শ্রেণিতে এবং এটা দ্বারা কী বুঝানো হয়?
- ☐ IEP টিম কীভাবে শ্রেণিবিভাগের সিদ্ধান্ত গ্রহণ করে?
- ☐ আমরা কি এই শ্রেণীকরণের সমর্থনকারী ডক্যুমেন্টগুলো পর্যালোচনা করতে পারি? (যেসব শিক্ষার্থীকে শিখন প্রতিবন্ধী (লার্নিং ডিস্যাবিলিটি) বা মানসিক অস্থিরতা (ইমোশন্যাল ডিসটার্বেন্স) হিসেবে শ্রেণিভুক্ত করা হয়, তাদের জন্য)

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানের প্রতিবন্ধিতার শ্রেণী সম্পর্কে কোনো ধারণা বা প্রশ্ন থাকলে

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: লক্ষ্য করুন যে প্রতিবন্ধিতার শ্রেণীভুক্তকরণ এবং গুরুত্বপূর্ণ শব্দাবলী, মূল্যায়নের নাম ও ফলাফল থেকে এই সিদ্ধান্তে গ্রহণ করা হয়েছে।

### পরামর্শসমূহ

- যদি আপনার সন্তানের প্রিস্কুলে IEP থেকে থাকে, আপনার সন্তানের প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ হচ্ছে "একটি প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী (Preschool Student with a Disability)।" 13-টি স্কুল-বয়সী প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ রয়েছে। IEP টিমকে আপনার সন্তানের স্কুল বয়সী শ্রেণীভুক্তকরণ ব্যাখ্যা করতে বলুন। IEP-এর পরবর্তী একটি সেকশনে, আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমে সম্পৃক্ততা এবং অগ্রগতিতে তাদের প্রতিবন্ধিতার প্রভাব IEP টিম বর্ণনা করবে।

# কর্মক্ষমতা (পারফর্মেন্স) (PLOP) ও ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) চাহিদার বর্তমান স্তর

## পার্ট 1: মূল্যায়নের ফলাফল

*PLOP আপনার সন্তানের সক্ষমতা ও অনন্য চাহিদা ব্যাখ্যা করে যা তার প্রতিবন্ধিতার সাথে সম্পর্কিত। এটা করা হয় বিভিন্ন বিষয়বস্তু (যেমন মূল্যায়নের ফলাফল, ক্লাসরুমের পরীক্ষা, এবং স্টেট টেস্ট) তপর্যালোচনা এবং আপনার, আপনার সন্তানের, শিক্ষকের এবং অন্যান্য স্কুল স্টাফের মতামতের উপর নির্ভর করে। PLOP-এ চিহ্নিত করা চাহিদা পূরণের করার জন্য আপনার সন্তানের প্রোগ্রাম তৈরি করা হয়। তPLOP-এর পার্ট 1 মূল্যায়নের ফলাফল নিয়ে আলোচনা করে। মূল্যায়নগুলো আপনার সন্তানের দক্ষতা, সক্ষমতা এবং দুর্বলতার ক্ষেত্রগুলো পরিমাপ করে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তান কি রিডিং ও ম্যাথ-এ তার গ্রেড স্তরে আছে? আমার সন্তান তার সমবয়সী অন্যান্য ছেলেমেয়েদের তুলনায় আপনি যা দেখছেন, সেটা ব্যাখ্যা করবেন কী?
- ☐ আমরা কি আমার সন্তানের কাজ দেখতে পারি? সহপাঠীদের তুলনায় সেটা কেমন?
- ☐ মূল্যায়নে আমার সন্তানের ফলাফল বা স্কোরগুলো কী কী? এই স্কোরগুলোর অর্থ কী?
    - মনোবিদ বা সাইকোলজিস্টের দ্বারা সম্পন্নকৃত মূল্যায়নগুলোর ফলাফল কী কী? এই ফলাফল বা স্কোরগুলোর অর্থ কী?
    - (3-5 গ্রেড) সর্বসাম্প্রতিক স্টেট, ডিস্ট্রিক্ট এবং স্কুল-ব্যাপী মূল্যায়নে আমার সন্তান কেমন কার্যসম্পাদন করেছে?
    - (ইংরেজি ভাষা শিক্ষার্থী) আমার সন্তানের NYSESLAT-এর স্কোর কতো? ঐ স্কোরগুলোর অর্থ কী?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ পূর্ববর্তী মূল্যায়নের ফলাফল যা স্কুলে ও স্কুলের বাইরে সম্পন্ন করা হয়েছে
- ☐ গণিত এবং ELA-তে আপনার সন্তানের অতীত কর্মক্ষমতা। আপনার সন্তানের ভাবনা, অনুভূতি এবং এসব বিষয়ের প্রতি দৃষ্টিভঙ্গী সম্পর্কে আপনার ব্যক্তিগত ধারণা জানতে দিন
- ☐ আপনার সন্তানের স্টেট ও ডিস্ট্রিক্ট মূল্যায়নগুলো থেকে অতীত ও বর্তমান কর্মক্ষমতা সম্পর্কে ধারণা
- ☐ পরীক্ষা ও তার কর্মক্ষমতা সম্পর্কে আপনার সন্তানের ভাবনা কী

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: যেসব মূল্যায়ন সম্পন্ন করা হয়েছে, যে স্কোরের কথা নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে, এবং সেসব স্কোরের অর্থ, লিখে রাখুন।

### পরামর্শসমূহ

- IEP টিমের উচিত আপনার সন্তানে যেসব মূল্যায়ন, রেকর্ড, এবং রিপোর্ট ব্যবহার করা হয়েছে, তার সবগুলোর কপি আপনাকে দেয়া এবং আপনি সেগুলো আপনার নিজের ভাষায় ব্যাখ্যা করে দিতে অনুরোধ জানাতে পারবেন।

# কর্মক্ষমতা (পারফর্মেন্স) ও ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) চাহিদার বর্তমান স্তর

## পার্ট 2: অ্যাকাডেমিক সাফল্য, স্বাভাবিক ক্রিয়ামূলক কার্যসম্পাদনা (ফাংশনাল পারফর্মেন্স) এবং শেখার বৈশিষ্ট্য

*PLOP-এর পার্ট 2 আপনার সন্তানের বর্তমান প্রাতিষ্ঠানিক সক্ষমতা, দক্ষতা, সমস্যা ও দৃঢ়তার প্রতি আলোকপাত করে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ রিডিং, রাইটিং এবং ম্যাথ (পাঠ, লিখা ও গণিত)-এ আমার সন্তানের সামর্থ্য ও দুর্বলতা কীসে?
- ☐ আমার সন্তান যেসব বিষয়ে দুর্বল, সেগুলোতে আপনি কীভাবে সহায়তা দেবেন?
- ☐ আমার সন্তান কত দ্রুত নতুন দক্ষতা আয়ত্ত করতে পারে?
- ☐ আমার সন্তান কতক্ষণ মনোযোগ ধরে রাখতে পারে?
- ☐ আমার সন্তান যা শিখছে, তা কতক্ষণ স্মরণ রাখতে পারে?
- ☐ আমার সন্তানের শেখায় ভাষাগত দক্ষতা কীভাবে প্রভাবিত করে?
- ☐ একটি কর্মকাণ্ড থেকে অন্যটিতে যাওয়ার সময় আমার সন্তান কেমন আচরণ করে?
- ☐ আমার সন্তান ক্লাসরুমের নিয়ম-কানুন ও রুটিন কীভাবে মেনে চলে?
- ☐ আমার সন্তান কী সুশৃঙ্খল? আমার সন্তান কি স্কুলে ও ক্লাসে সময়মত উপস্থিত হয়?
- ☐ আমার সন্তানকে সবচেয়ে ভালোভাবে শিখতে কী সহায়তা করে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানের পূর্ববর্তী স্কুলের অভিজ্ঞতা, IEP মিটিং এবং পূর্ববর্তী স্কুলের স্পেশাল এডুকেশন সার্ভিসগুলো
- ☐ আপনার সন্তানের স্মরণশক্তি অথবা মনোযোগ সম্পর্কে তথ্য, বিশেষ করে যখন তাকে কোনো অনুশীলনী বা বাড়িতে কাজ করতে দেয়া হয়
- ☐ আপনার সন্তান কীভাবে সবচেয়ে ভালো শেখে বলে আপনি মনে করেন: শুনে, দেখে, অথবা হাতে-কলমে
- ☐ আপনার সন্তানের স্বনির্ভরতার স্তর (যেমন, যাতায়াত করা, নিজের যত্ন নেয়া, গোছগাছ করা, উপস্থিতি)
- ☐ অতীতে আপনার সন্তান অতীতে কেমন করেছে, সে ব্যাপারে আপনার সন্তানের অনুভূতি
- ☐ সন্তানের শিক্ষা নিয়ে আপনার উদ্বেগসমূহ

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: রিডিং, রাইটিং এবং ম্যাথ (পাঠ, লিখা ও গণিত)-এ নির্দিষ্ট স্তর এবং অন্যান্য লক্ষ্যণীয় সামর্থ্য ও চাহিদার প্রতি দৃষ্টি দিন

# কর্মক্ষমতা (পারফর্মেন্স) ও ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) চাহিদার বর্তমান স্তর

## পার্ট 3: শিক্ষার্থীর সামর্থ্য, অগ্রাধিকার ও আগ্রহ

*PLOP-এর পার্ট 3 -তে অন্তর্ভুক্ত আছে আপনার সন্তান কীসে ভালো করছে, কীভাবে সে ভালো শেখে, এবং কীসে তার আগ্রহ আছে। আপনার সন্তান স্কুলে ও স্কুলের বাইরে যেসব কর্মকাণ্ড ও প্রোগ্রাম পছন্দ করতে বা প্রাধান্য দিতে পারে, পাশাপাশি আপনার সন্তানের অ্যাকাডেমিক ও নন-অ্যাকাডেমিক সামর্থ্য নিয়ে IEP টিম আলোচনা করবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ ক্লাসরুমে আমার সন্তান কী কী বেশি ভালভাবে করতে সক্ষম?
- ☐ স্কুলে আমার সন্তানের প্রিয় বিষয় ও কর্মকাণ্ড কী কী?
- ☐ শিক্ষক আমার সন্তানকে শেখাতে কীভাবে আমার সন্তানের সক্ষমতা ও আগ্রহকে কাজে লাগান?
- ☐ স্কুলে কোন্ পাঠ্যক্রম বহির্ভুত কর্মকাণ্ডে আমার সন্তান আগ্রহ প্রদর্শন করে?
- ☐ আমার সন্তান একা না দলগতভাবে কাজ করতে পছন্দ করে বলে মনে হয়?
- ☐ আমার সন্তান কী স্কুলে অন্যান্য পছন্দ প্রদর্শন করে বা উল্লেখ করে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানের অ্যাকাডেমিক বা শিক্ষাগত সক্ষমতা
- ☐ যেসব বিষয় ও কর্মকাণ্ড যা আপনার সন্তান স্কুলে ও স্কুলের বাইরে করতে পছন্দ করে
- ☐ আপনার সন্তানের শখসমূহ ও আপনার সন্তান কীভাবে স্কুলের বাইরে সময় কাটায়
- ☐ যে ধরনের বই পড়তে আপনার সন্তান পছন্দ করে এবং তার আগ্রহের বিষয়বস্তু
- ☐ আপনার সন্তানের আগ্রহ, সামর্থ্য ও মোহ
- ☐ অন্য কোনো পছন্দ, যা আপনি বাড়িতে লক্ষ্য করেন

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: স্কুলে আপনার সন্তান নির্দিষ্টভাবে যেসব বিষয়ে শক্তিশালী ও যেসব বিষয়ে আগ্রহী, সেগুলোর প্রতি দৃষ্টি দিন।

# কর্মক্ষমতা (পারফর্মেন্স) ও ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) চাহিদার বর্তমান স্তর

## পার্ট 4: শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক, উন্নয়নগত এবং সক্রিয়তার চাহিদা

*PLOP-এর পার্ট 4 আপনার সন্তানের চাহিদা এবং সেসব চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় কৌশলের প্রতি আলোকপাত করে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ কোন্ কোন্ বিষয়ে আমার সন্তানের সহায়তা প্রয়োজন?
- ☐ গ্রেড পর্যায়ের দক্ষতা অর্জনে আমার সন্তানের কোন্ দক্ষতা ও জ্ঞান আমার সন্তানের প্রয়োজন?
- ☐ আপনি কি আমার সন্তানের বর্তমান অ্যাকাডেমিক স্তর ও গ্রেড স্তরের মাঝে ব্যবধানের বর্ণনা করতে পারেন?
- ☐ শেখার কোন্ কৌশল তার উন্নতিতে সহায়তা করতে পারে?
- ☐ তাকে বাড়িতে সহায়তা দিতে আমি কী করতে পারি?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানের অ্যাকাডেমিক সাফল্য সম্পর্কে আপনার উদ্বেগসমূহ
- ☐ যেসব ক্ষেত্রে আপনার সন্তানের সবচেয়ে বেশি সহায়তা প্রয়োজন বলে আপনি মনে করেন, তার বর্ণনা
- ☐ যেসব নির্দিষ্ট পাঠ্য বিষয়ে, আলোচ্য বিষয়ে বা দক্ষতায় আপনার সন্তানের উদ্বেগ আছে

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: আপনার সন্তান যেসব বিষয়ে ভালো, যেসব বিষয়ে বর্তমান প্রাতিষ্ঠানিক স্তর ও গ্রেড স্তরের মধ্যে ব্যবধান আছে, এবং আপনার সন্তানকে সহায়তা করতে পারে যেসব নির্দিষ্ট কৌশল, সেগুলোর প্রতি দৃষ্টি দিন।

# কর্মক্ষমতার বর্তমান স্তর এবং ব্যক্তিক চাহিদা

## পার্ট 5: সামাজিক বিকাশ

*PLOP-এর পার্ট 5 সহপাঠী ও বয়স্কদের সাথে আপনার সন্তানের সম্পর্কের প্রতি আলোকপাত করে। IEP টিম আপনার সন্তানের নিজের প্রতি অনুভূতি নিয়ে এবং সে কত ভালভাবে স্কুলের পরিবেশের সাথে খাপ খাওয়াতে পেরেছে, তা নিয়ে আলোচনা করবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আপনি কি স্কুলে আমার সন্তানের আচরণ সম্পর্কে বর্ণনা দিতে পারেন? সে কীসে সবচেয়ে বেশি আকৃষ্ট?
- ☐ কোন্ উপায়ে (গুলোতে) আমার সন্তান সামাজিকভাবে বিকশিত হয়?
- ☐ আমার সন্তানের সাথে সহপাঠী ও প্রাপ্ত বয়স্কদেরসম্পর্ক কেমন তা আপনি কী বর্ণনা দিতে পারেন?
- ☐ আপনি কী আমার সন্তানের মানসিক চাপ নিয়ন্ত্রণ ও নিজের দাবি পূরণে কাজ করে, তার বর্ণনা দিতে পারেন? কোন্ বিষয়গুলোতে তাকে সবচেয়ে আস্থাবান বলে মনে হয়?
- ☐ এমন কোনো ক্ষেত্র আছে কি যেখানে আমার সন্তানের সহায়তা প্রয়োজন এবং কোন্ সহায়তাগুলো কার্যকর হয়েছে?
- ☐ কোন্ আচরণগত সমস্যাগুলো নজরে পড়েছে ও প্রমাণিত হয়েছে? কোন্ আচরণগত হস্তক্ষেপ কৌশল ব্যবহার করা হয়েছে? কোনো কার্যকর আচরণগত মূল্যায়ন, (ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্ট, FBA) সম্পন্ন করা হয়েছে কি? কোনো আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা (বিহেভিয়ার ইন্টার্ভেনশন প্ল্যান, BIP) তৈরি করা হয়েছে কি? যদি হয়ে থাকে, তাহলে আপনি কীভাবে আমার সন্তানের অগ্রগতির প্রতি নজর রাখেন? (যেসব শিক্ষার্থীর জন্য আচরণগত সহায়তার ত(“crisis”) সুপারিশ করা হয়,প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হয়)

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানের আচরণ এবং বাড়িতে আবেগজনিত চাহিদার বর্ণনা, পাশাপাশি স্কুলে তার আচরণ সম্পর্কে আপনার দৃষ্টিভঙ্গী
- ☐ বন্ধু, পরিবার ও স্কুলের বাইরের অন্যদের সাথে আপনার সন্তানের সম্পর্কের একটি বর্ণনা
- ☐ আপনার সন্তানের আত্মবিশ্বাসের স্তর, মানসিক চাপ নিয়ন্ত্রণ এবং আত্মপক্ষ সমর্থনে সক্ষমতা
- ☐ আপনি ও আপনার সন্তান তার সামাজিক দৃঢ় বিষয়গুলো কীভাবে দেখেন
- ☐ আপনার সন্তানের আচরণ ও সমাজিক মেলামেশায় কোন সমস্যা থাকলে সেটা
- ☐ কোনো আচরণগত কৌশল যেটা বাড়িতে কার্যকর হয়েছে

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: নির্দিষ্ট আবেগজনিত বা আচরণগত কৌশল, যেসব ক্ষেত্রে আপনার সন্তানের সহায়তা প্রয়োজন এবং যেসব কৌশল সফল হয়েছে, সেগুলোর প্রতি আলোকপাত করুন।

# কর্মক্ষমতা (পারফর্মেন্স) ও ব্যক্তিক (ইন্ডিভিজুয়াল) চাহিদার বর্তমান স্তর

## পার্ট 6: শারীরিক বিকাশ

*PLOP-এর পার্ট 6 আপনার সন্তানের স্বাস্থ্য ও বেড়ে ওঠার প্রতি মনোনিবেশ করে। IEP টিম আপনার সন্তানের শিক্ষণ প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট শারীরিক দক্ষতা এবং/অথবা সীমাবদ্ধতার প্রতি আলোকপাত করবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তানের দৈহিক বেড়ে ওঠা, কানে শোনা ও চোখে দেখা সম্পর্কে আপনি কী তথ্য জানাতে পারেন?
- ☐ স্কুলে কোন্ শারীরিক কর্মকাণ্ডগুলোতে আমার সন্তান অংশগ্রহণ করে? সে কেমন কর্মক্ষম বলে মনে হয়?
- ☐ এমন কোনো ক্ষেত্র আছে কি, যেখানে আমার সন্তানের সহায়তা প্রয়োজন? কোন্ সহায়তাগুলো তাকে সাহায্য করেছে?
- ☐ প্রবেশযোগ্যতা কীভাবে আমার সন্তানের শিক্ষাকে প্রভাবিত করে? আমার সন্তানের যদি একটি প্রবেশযোগ্য স্কুল বা প্রোগ্রামের প্রয়োজন হয়, তাহলে কোন্ ধরনের প্রমাণ আমাকে জমা দিতে হবে? আমার সন্তানের প্রবেশযোগ্যাতার চাহিদা কি তার স্কুল বাছাইয়ের সুযোগকে প্রভাবিত করবে? (প্রবেশযোগ্যতার আবশ্যকতা আছে, এমন শিক্ষার্থীদের জন্য)

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানের চলাচলে কোনো সীমাবদ্ধতা আছে কিনা
- ☐ যদি আপনার সন্তান হুইলচেয়ার এবং/অথবা চলাচল-সহায়ক যন্ত্র ব্যবহার করে
- ☐ আপনার সন্তান যেভাবে শারীরিকভাবে বেড়ে উঠছে বলে আপনি ভাবছেন
- ☐ সর্বসাম্প্রতিক ডাক্তারের ভিজিট থেকে জানা যে তথ্য আপনি মনে করেন স্কুলের জানা উচিত
- ☐ কোনো শারীরিক অবস্থা (যেমন খিঁচুনি বা হাঁপানি)-এর বর্ণনা এবং কানে শুনতে বা চোখে দেখতে, কোনো সহায়ক ব্যবস্থার প্রয়োজন থাকলে তার বিবরণ
- ☐ আপনার সন্তানের শারীরিক অগ্রগতি ও স্বাস্থ্য নিয়ে আপনার যেকোনো উদ্বেগ
- ☐ সাম্প্রতিক ডাক্তারি ডকুমেন্ট এবং আপনার সন্তানের স্বাস্থ্য ও শারীরিক চাহিদার বিবরণ সম্বলিত ফর্ম (প্রতিবন্ধিতাযুক্তদের জন্য বিশেষ সুবিধার (অভিগম্যতা) চাহিদা আবশ্যকতা আছে, অথবা শারীরিক চাহিদার কারণে নার্স বা প্যারাপ্রফেশন্যাল আবশ্যকতা আছে, এমন শিক্ষার্থীদের জন্য)

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: এই ক্ষেত্রটিতে নির্দিষ্ট সামর্থ্য ও চাহিদা এবং যেসব সহায়ক উপকরণ আপনার সন্তানকে সাহায্য করেছে, সেটা লিখে রাখুন।

### পরামর্শসমূহ

- প্রতিবন্ধিতাযুক্তদের জন্য বিশেষ সুবিধার (অভিগম্যতা) কোনো চাহিদা যদি আপনার সন্তানের থাকে, তাহলে সেটার প্রকৃতি ও ব্যাপকতা IEP-এর এই অংশে বিস্তারিতভাবে অবশ্যই বর্ণনা করতে হবে

# কর্মক্ষমতা (পারফর্মেন্স) ও ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) চাহিদার বর্তমান স্তর

## পার্ট 7: ব্যবস্থাপনা চাহিদা

*ব্যবস্থাপনা চাহিদা হলো সেসব সহায়ক উপকরণ যা আপনার সন্তানের অনন্য চাহিদা পূরণ করতে দেওয়া হয়। এর অন্তর্ভুক্ত হতে পারে প্রাপ্তবয়স্কদের দেয়া তত্ত্বাবধানের পরিমাণ এবং ক্লাসরুমে ও শিক্ষানির্দেশনায় প্রয়োজনীয় পরিবর্তন। যদি কোনো কৌশল বা পদ্ধতি থাকে যা আপনার সন্তানের প্রয়োজনের ক্ষেত্রটিতে সহায়তা করতে পারে, IEP টিম তা নিয়ে আলোচনা করবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তানের পড়ালেখায় সহায়তা দিতে কোন কৌশলগুলো কার্যকর হয়েছে?
- ☐ কোন্ বিশেষ শিক্ষকতা পদ্ধতি থেকে আমার সন্তান উপকৃত হয়েছে?
- ☐ আমার সন্তানকে সহায়তা দিতে ক্লাসরুমের পরিবেশে কী পরিবর্তন করা হয়েছে?
- ☐ কোন্ উপকরণ ও বিষয়বস্তু আমার সন্তানের শেখায় সহায়তা দিতে ব্যবহার করা হয়েছে?
- ☐ আমার সন্তান কোন্ সুনির্দিষ্ট প্রাপ্ত বয়স্কদের সহায়তা গ্রহণ করেছে?
- ☐ আমার সন্তানের কোন্ সামাজিক ও আচরণগত সহায়তা পাওয়ার সুযোগ আছে?
- ☐ (যেসব শিক্ষার্থীদের জন্য 1:1 বা দলগত প্যারাপ্রফেশন্যালের সহায়তা সুপারিশ করা হয়েছে) একজন প্যারাপ্রফেশন্যাল আমার সন্তানকে কী সহায়তা দেবেন? একজন প্যারাপ্রফেশন্যাল কীভাবে আমার সন্তানকে ন্যূনতম নিয়ন্ত্রিত পরিবেশে (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট) অংশগ্রহণে সক্ষম করবেন? আমার সন্তান প্যারাপ্রফেশন্যালের প্রয়োজনীয়তা হ্রাস করবে বা বর্জন করার জন্য কী করে দক্ষতা ও স্বনির্ভরতা আয়ত্ত করবে? একজন প্যারাপ্রফেশন্যাল নিযুক্তি কি আমার সন্তানের উপর বা তাকে দেওয়া পরিষেবার গুণগত মান-এ কোনো নেতিবাচক প্রভাব ফেলতে পারে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানকে নতুন কিছু শিখতে বা কঠোর কোনো কাজ সম্পন্ন করতে যে কৌশল ও বিষয়বস্তু সহায়তা করে
- ☐ ক্লাসরুমের পরিবেশে যে পরিবর্তন (যেমন আসন বিন্যাস) করা হলে আপনার সন্তানের জন্য ভালো হবে বলে মনে করেন, তার বিবরণ
- ☐ আপনার সন্তানকে যা প্রণোদিত বা উৎসাহিত করে, এবং একই সাথে যা বাধাগ্রস্থ বা নিরুৎসাহিত করে

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: নির্দিষ্ট শিক্ষকতা পদ্ধতি, উপকরণ, বিষয়বস্তু, এবং সহায়তা যা আপনার সন্তানের জন্য সহায়ক হয়েছে, তা লিখে রাখুন।

# কর্মক্ষমতা (পারফর্মেন্স) ও ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) চাহিদার বর্তমান স্তর

## পার্ট 4: সাধারণ শিক্ষা পাঠ্যক্রমে সংশ্লিষ্টকরণ ও অগ্রগতির ওপর ব্যক্তিক চাহিদার ভূমিকা

*সাধারণ শিক্ষা পাঠ্যক্রম সেসব জ্ঞান ও দক্ষতাকে অন্তর্ভুক্ত করে যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ সব শিক্ষার্থী আয়ত্ত করবে বলে প্রত্যাশা করা হয়। সাধারণ শিক্ষা পাঠ্যক্রমে সংশ্লিষ্টতা ও অগ্রগতি বাড়াতে আপনার সন্তানকে সহায়তা দেওয়া নিয়ে IEP টিম আলোচনা করবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তানের প্রতিবন্ধিতা কীভাবে তার সাধারণ শিক্ষা পাঠ্যক্রমে সংশ্লিষ্টতা ও অগ্রগতি অর্জনে প্রভাব রাখে?
- ☐ আমার সন্তানকে যা শেখানো হচ্ছে এবং যেভাবে শেখানো হচ্ছে, সেটাকে আমার সন্তানের প্রতিবন্ধিতা কীভাবে প্রভাবিত করে?
- ☐ আমার সন্তানকে যেভাবে মূল্যায়ন করা হয়, সেটাকে আমার সন্তানের প্রতিবন্ধিতা কীভাবে প্রভাবিত করে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক লক্ষ্যসমূহের (বর্তমান ও ভবিষ্যৎ) বিবরণ
- ☐ যে পর্যন্ত আপনার সন্তান জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমে অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের পাশাপাশি (মনে রাখবেন, এই বিষয়টি সব সময় প্রথম বিবেচ্য হিসেবে রাখতে হবে) অংশগ্রহণ করা উচিৎ বলে আপনি মনে করেন

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: আপনার সন্তানের যে প্রতিবন্ধিতা নির্দিষ্টভাবে জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমে তার অংশগ্রহণে প্রভাব রাখে এবং আপনার সন্তান যেভাবে জেনারেল এডুকেশন পাঠ্যক্রমে তার অপ্রতিবন্ধী সহপাঠী শিক্ষার্থীদের পাশাপাশি অংশগ্রহণ করতে পারবে বলে টিম বা দল মনে করে।

# বিশেষ অবস্থার (স্পেশাল ফ্যাক্টর) সাথে সম্পর্কিত শিক্ষার্থীর চাহিদা

*আচরণ, ইংরেজিতে সীমিত দক্ষতা, অন্ধত্ব বা দৃষ্টি প্রতিবন্ধিত্ব, বধিরতা বা শ্রবণ-প্রতিবন্ধিত্ব, ভাববিনিময়ে দুর্বলতা এবং সহায়ক প্রযুক্তির ব্যবহার: এই পাঁচটি বিশেষ অবস্থার কথা IEP টিমকে অবশ্যই বিবেচনা করতে হবে। বিশেষ অস্থাগুলোর কোনোটি যদি আপনার সন্তানের শিক্ষালাভের সক্ষমতাকে প্রভাবিত করে বা তার যদি কোনো সহায়তা প্রয়োজন হয়, IEP মিটিং চলাকালে IEP টিম অবশ্যই সেটা আলোচনা করবে।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ আচরণগত সমস্যা মোকাবেলায় আমার সন্তানের কি বাড়তি সহায়তার প্রয়োজন? যদি প্রয়োজন হয়, তাহলে কি আমার সন্তানের আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা তৈরি আবশ্যক?
- ☐ (ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য) ইংরেজি ভাষা শেখায় আমার সন্তান কীভাবে সাহায্য লাভ করবে?
- ☐ (অন্ধ অথবা দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য) আমার সন্তানের কি ব্রেইল-এ শিক্ষা নির্দেশনা বা ব্রেইল ব্যবহার প্রয়োজন?
- ☐ যোগাযোগে সহায়তার করার জন্য আমার সন্তানের কি কোনো সার্ভিস বা ডিভাইস প্রয়োজন?
- ☐ আমার সন্তানের কি কোনো অ্যাসিসটিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি) প্রয়োজন? যদি প্রয়োজন হয়, তাহলে বাড়িতে কি আমার সন্তানের কোনো অ্যাসিসটিভ টেকনোলজি লাগবে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ আপনার সন্তানের আচরণ নিয়ন্ত্রণে কার্যকর বলে আপনার জানা কৌশল
- ☐ (ইংরেজি ভাষা শিক্ষার্থীদের পিতামাতাদের জন্য) আপনার বাড়িতে যে ভাষায় কথা বলেন, সেসম্পর্কে তথ্য
- ☐ (দৃষ্টি বা শ্রুতি বৈকল্য আছে, এমন শিক্ষার্থীর পিতামাতাদের জন্য) বাড়িতে আপনার সন্তান যে বিশেষায়িত পরিষেবা (স্পেশাল সার্ভিস) বা যে ডিইভাস ব্যবহার করে, কিংবা আপনি যেটাকে আপনার সন্তানের জন্য কার্যকর হতে পারে বলে আপনি মনে করেন, সেসম্পর্কে ব্যাখ্যা

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: আপনার সন্তানকে তার প্রয়োজনীয়তা অনুযায়ী যে নির্দিষ্ট সহায়তা প্রদান করা হবে, সেটা লিখে রাখুন।

## পরামর্শসমূহ

- যেসব শিক্ষার্থীকে তইংরেজি ভাষা শিক্ষার্থী হিসেবে চিহ্নিত করা হয়েছে তারা বাইলিঙ্গুয়াল (দ্বিভাষীক) স্পেশাল এডুকেশন সার্ভিস বা স্পেশালাইজড বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন প্রোগ্রামের যোগ্য হতে পারে। আপনার সন্তানের যোগ্যতা সম্পর্কে IEP টিমকে জিজ্ঞাসা করুন।
- আপনার সন্তানকে যদি NYC-এর মধ্যে অন্য স্কুলে বদলি করা হয়, তাহলে, IEP-এ যে বাধ্যতামূলক অ্যাসিসটিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি) ডিভাইস আছে, সেগুলো অবশ্যই নতুন স্কুলে স্থানান্তর করতে হবে। আপনার সন্তান যখন পঞ্চম (5) গ্রেড থেকে মিডল্ স্কুলে উঠছে, তখন অবশ্যই IEP টিমকে এটা নিশ্চিত করতে বলবেন যেন আপনার সন্তান যখন তার মিডল্ স্কুলে যাবে, তখন IEP অনুযায়ী তার আবশ্যক সহায়ক প্রযুক্তি ডিভাইস পাওয়া যায়। ত

# পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্য

*পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যগুলো হলো আপনার সন্তান এক শিক্ষা বছরে বাস্তবায়ন করতে পারবে, সেসব লক্ষ্যসমূহ। লক্ষ্যসমূহ প্রাতিষ্ঠানিক, সামাজিক ও আচরণগত সমস্যার প্রতি নিবিষ্ট, শারীরিক সমস্যা সংক্রান্ত, কিংবা অন্য কোন শিক্ষাগত চাহিদা বিষয়ক হতে পারে, যা PLOP-তে শনাক্ত করা হয়েছিল। আপনার সন্তানের চাহিদার ক্ষেত্রগুলো ও কীভাবে প্রতিটি লক্ষ্য তার চাহিদার ক্ষেত্রগুলোতে সহায়তা জোগাবে, IEP টিম তা আলোচনা করবে।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তান কী গত বছরের লক্ষ্যসমূহ অর্জন করতে পেরেছিল? যদি না করে থাকে, তাহলে তাকে কী সহায়তা দেয়া হবে?
- ☐ পরিবর্তী IEP মিটিং-এর আগে আমার সন্তানের কোন লক্ষ্যগুলো অর্জন করতে হবে?
- ☐ আপনি কত ঘন ঘন প্রতিটি লক্ষ্য অর্জনে অগ্রগতির প্রতি লক্ষ্য রাখবেন, এবং আপনি কীভাবে জানবেন কখন লক্ষ্য অর্জিত হয়েছে?
- ☐ এসব লক্ষ্য কীভাবে তআমার সন্তানের দুর্বলতার ক্ষেত্রগুলো এবং সাধারণ শিক্ষা পাঠ্যক্রমের সাথে সংশ্লিষ্ট?
- ☐ কোন্ স্পেশাল এডুকেশন প্রোগ্রাম বা সংশ্লিষ্ট পরিষেবা প্রতিটি লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ?
- ☐ (যেসব শিক্ষার্থীকে একটি 1:1, গ্রুপ কিংবা ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হয়েছে) একজন প্যারাপ্রফেশন্যাল কীভাবে আমার সন্তানকে তার বার্ষিক লক্ষ্য সহায়তা দেবেন এবং এমন কোনো বার্ষিক লক্ষ্য আছে কি যা সুনির্দিষ্টভাবে আমার সন্তানের প্যারাপ্রফেশন্যালের সাথে সম্পর্কযুক্ত?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ কোনো লক্ষ্যকে আপনার সন্তানের জন্য সহায়ক মনে করলে সেটা সুপারিশ করুন
- ☐ গত বছরের লক্ষ্য অর্জনে আপনার সন্তানের অগ্রগতি আলোচনা করুন

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: প্রতিটি লক্ষ্য এবং কীভাবে তা আপনার সন্তানের চাহিদার ক্ষেত্রগুলোর সাথে সম্পর্কযুক্ত, সেটা লিখে রাখুন

| পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ | |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |

# পিতামাতাকে অগ্রগতি অবহিত (রিপোর্ট) করা

*আপনার সন্তানের অগ্রগতি কীভাবে পরিমাপ করা হবে এবং আপনাকে কীভাবে জানানো হবে, IEP টিম তা আলোচনা করবে।*

## কী জিজ্ঞাসা করবেন

☐ আমার সন্তানের অগ্রগতি আপনি কখন ও কীভাবে আমাকে জানাবেন?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

☐ কত ঘন ঘন এবং কোন্ পদ্ধতিতে আপনি সন্তানের অগ্রগতি সম্পর্কে জানতে আগ্রহী

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

# সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিস

## পার্ট 1: স্পেশাল এডুকেশন প্রোগ্রাম/সার্ভিস

*আপনার সন্তানকে তার ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে সহায়তা করার জন্য বহু সংখ্যক পরিষেবা রয়েছে। সাধারণ শিক্ষার ক্লাসে কোনো সহায়তা, এইড দ্বারা আপনার সন্তানের চাহিদা পরিষেবা প্রদানসহ পূরণ করা যাবে কি না, IEP টিম সেটা আলোচনা করবে। যদি এটা নির্ধারণ করা হয়ে থাকে যে আপনার সন্তান যথাযথ এইড (সহায়ক কর্মী), বিশেষ শিক্ষায় শিক্ষক দ্বারা সহায়তা পরিষেবা (স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (SETSS), সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) বা সমন্বিত সহ-শিক্ষকতা (ইন্টিগ্রেটেড কো-টিচিং, ICT) ক্লাস দ্বারাও জেনারেল এডুকেশন ক্লাসে অংশগ্রহণ করতে পারে না, তাহলে অন্যান্য ব্যবস্থা, যেমন স্পেশাল ক্লাস বা স্পেশাল স্কুলের কথা বিবেচনা করা হবে। তআপনার সন্তানকে যেসব প্রোগ্রাম বা পরিষেবা দেওয়া হবে, IEP টিম তা আলোচনা করবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তান কোন্ স্পেশাল এডুকেশন এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) লাভ করবে, এবং তা কখন শুরু হবে?
- ☐ এই পরিষেবা বা সার্ভিসগুলো কীভাবে আমার সন্তানের চাহিদা পূরণ করবে?
- ☐ কত ঘন ঘন এবং কোথায় পরিষেবাগুলো প্রদান করা হবে?
- ☐ এই পরিষেবাগুলো কি গত বছরের অনুরূপ? কেন অথবা কেন নয়?
- ☐ এই প্রোগাম ও পরিষেবাগুলো কীভাবে ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে (লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE) প্রবেশগম্যতা প্রদান করবে?
- ☐ (যেসব শিক্ষার্থীকে স্পেশাল ক্লাস বা স্পেশাল স্কুল সুপারিশ করা হয়) আমার সন্তানকে কী তার অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের অনুরূপ একই বিষয়বস্তু পড়ানো হবে ও একই পরীক্ষা নেয়া হবে? স্কুল দিবসের কোনো একটি সময়ের জন্য আমার সন্তান কি একটি সাধারণ শিক্ষার ক্লাসরুমে থাকবে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ যেসব পরিষেবা সুপারিশ করা হচ্ছে, সেগুলো সম্পর্কে আপনার ভাবনা, প্রশ্ন, কিংবা উদ্বেগ
- ☐ আপনার মতে, কোন্ পরিষেবাগুলো সবচেয়ে কার্যকর বলে মনে হয়েছে এবং আপনি যদি মনে করেন কোনো পরিষেবা আপনার সন্তানের চাহিদা মেটাতে পারছে না, সেগুলো

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: আপনার সন্তান কোন্ প্রোগ্রাম ও পরিষেবা লাভ করবে, সে পরিষেবা শুরুর তারিখ, স্থান ও সময় লিখে রাখুন।

### পরামর্শসমূহ

- সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) একজন শিক্ষার্থীকে স্কুলে অংশগ্রহণে ও শিক্ষাগত লক্ষ্য অর্জনে সহায়তা করতে পারে। তসংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) কয়েকটি নমুনা হলো অকুপেশন্যাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি এবং স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি। তআপনার সন্তানের IEP তাকে ন্যূনতম নিয়ন্ত্রিত পরিবেশে সংশ্লিষ্ট পরিষেবা সুপারিশ করা উচিত। অনেক শিক্ষার্থীর জন্য সংশ্লিষ্ট পরিষেবা ক্লাসরুমে প্রদান করা হবে। আপনার সন্তানকে সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী শিক্ষক, প্যারাপ্রফেশন্যাল এবং অন্যান্য বয়স্কদের সাথে কাজ করবেন।
- মিডল্ স্কুলে, সময়সূচি এবং পাঠক্রমের মধ্যে পার্থক্য রয়েছে যা কত ঘন ঘন এবং কোথায় পরিষেবা প্রদান করা হবে তা প্রভাবিত হতে পারে। আপনি যাতে একটি পূর্বানুমান করতে পারেন, সেজন্য এলিমেন্টারি ও মিডল্ স্কুলে কোনো ব্যবধান আছে কি না, তা নিয়ে আপনার সন্তানের পঞ্চম (5) গ্রেড-এর তমিটিং-এ IEP টিমের কাছে আপনি প্রশ্ন করুন।
- যদি আপনার সন্তান এখন পঞ্চম গ্রেডে এবং একটি স্পেশাল ক্লাসে সুপারিশকৃত, সময়সূচির পার্থক্য থাকার কারণে আপনার সন্তানকে হয়ত ক্লাসরুমগুলোর মাঝের পথটুকু হেঁটে যেতে হতে পারে এবং ভিন্ন ভিন্ন শিক্ষক থাকতে পারে। তাদের হয়ত ভিন্ন ভিন্ন সহপাঠী গ্রুপের সাথে ক্লাস করার সম্ভাবনা আছে। আপনার সন্তানের পঞ্চম গ্রেডের IEP মিটিংয়ে, এই সম্ভাব্য পরিবর্তনগুলোর জন্য আপনার সন্তানকে কীভাবে সবচেয়ে ভালভাবে প্রস্তুত করবেন তা IEP টিম-কে জিজ্ঞাসা করুন।

# সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিস

## পার্ট 2: দীর্ঘায়িত শিক্ষা বছর (12-মাস) পরিষেবা এবং/অথবা কর্মসূচি

*দীর্ঘায়িত স্কুল বছর ত(এক্সটেন্ডেড স্কুল ইয়ার) সার্ভিস সুপারিশ করা হয় সেসব শিক্ষার্থীদের, যাদের জুলাই এবং অগাস্টে সার্ভিসের প্রয়োজন হয়, যেন তাদের পড়ালেখা থেকে উল্লেখযোগ্য পরিমাণ পিছিয়ে পড়া (গুরুত্বপূর্ণ শিক্ষাগত ঘাটতি) তরোধ করা যায়। যখন প্রযোজ্য হবে, IEP টিম আপনার সন্তানের দীর্ঘায়িত স্কুল বছর পরিষেবা আবশ্যক কিনা, তা আলোচনা করবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তান সামারের (গ্রীষ্মের) মাসগুলোতে কোনো দক্ষতা বা যা শিখেছে তা ভুলে যাওয়ার কারণে পিছিয়ে পড়ার ঝুঁকিতে আছে কি? কেন অথবা কেন নয়?
- ☐ আমার সন্তান কি সামারে (গ্রীষ্মে) তস্পেশাল এডুকেশন প্রোগ্রাম/সার্ভিস লাভ করার যোগ্য? কেন অথবা কেন নয়?
- ☐ যদি হ্যাঁ হয়, তাহলে সামারে (গ্রীষ্মে) তকোন্ স্পেশাল এডুকেশন প্রোগ্রাম/সার্ভিসগুলো আমার সন্তান লাভ করবে? এসব পরিষেবা আমার সন্তানকে শিক্ষাবর্ষ চলাকালে কীভাবে সহায়তা দেবে?
- ☐ এসব পরিষেবা কোথায় ও কখন প্রদান করা হবে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ সামারের (গ্রীষ্মের) মাসগুলোতে আপনার সন্তান পূর্বে শেখা দক্ষতাও যা শিখেছে তা মনে রাখা এবং অগ্রগতি অর্জন করা নিয়ে আপনার যেকোনো উদ্বেগ।

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: আপনার সন্তানের জন্য যেসব পরিষেবা ও প্রোগ্রাম সুপারিশ করা হয়, সেগুলোর বিবরণসহ, যেমন গ্রুপের আকৃতি বা সময়সীমা, একটি তালিকা করুন। তথ্য পাওয়া গেলে আপনার সন্তানকে যে পরিষেবা প্রদানকারী পরিষেবা দেবেন, তার নামও তালিকায় রাখতে পারেন।

### পরামর্শসমূহ

- IEP মিটিংয়ের সাথে, IEP টিম এই পৃষ্ঠার একটি খসড়া কপি প্রদান করবে। যদি তারা এই কপি প্রদান না করে, তাহলে একটি চেয়ে নিন। যখন আপনি চূড়ান্তকৃত IEP পাবেন, চূড়ান্তকৃত কপিটি পর্যালোচনা করতে ভুলবেন না এবং যেকোনো পরিবর্তন আপনার চোখে পড়ছে সেগুলো সম্পর্কে IEP টিমকে জিজ্ঞাসা করুন।

# পরীক্ষায় বিশেষ সুবিধা (টেস্টিং অ্যাকোমোডেশন)

*কিছু প্রতিবন্ধিতাযুক্ত ও বহুভাষী শিক্ষার্থী পরীক্ষায় বিশেষ ব্যবস্থা পেতে পারে যেন তাদেরকে প্রতিবন্ধিতা ও ইংরেজিতে সীমাবদ্ধতার কারণে অহেতুক প্রভাবিত হওয়া ছাড়াই তাদের দক্ষতা, জ্ঞান ও সক্ষমতা প্রদর্শন করার জন্য প্রয়োজনীয় সহায়তা দেয়া যেতে পারে। পরীক্ষায় বিশেষ ব্যবস্থাগুলো হলো পরীক্ষার ফর্ম্যাটে (আঙ্গিকে) এবং/অথবা পরীক্ষা গ্রহণ পদ্ধতিতে বিশেষ পরিবর্তন। পরীক্ষায় বিশেষ সুবিধার ব্যবস্থাগুলো দক্ষতায় বা পরীক্ষার পরিমাপক বিষয়বস্তুতে কোন পরিবর্তন আনে না, পরীক্ষাকেও কম কঠিন করা এর উদ্দেশ্য নয়। আপনার সন্তানের জন্য পরীক্ষায় বিশেষ ব্যবস্থার সম্ভাব্যতা সম্পর্কে IEP টিম আলোচনা করবে। দৃষ্টান্তগুলোর মধ্যে অন্তর্ভুক্ত আছে বিশেষ আসন ব্যবস্থা; তপ্রশ্ন পাঠ করে দেওয়া বা পাঠ করে শোনানো; সময় বাড়ানো, ইত্যাদি।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ পরীক্ষায় বিশেষ ব্যবস্থাগুলো কী এবং আমার সন্তানের কি সেগুলোর প্রয়োজন আছে? ত
- ☐ আমার সন্তান পরীক্ষায় কোন্ বিশেষ ব্যবস্থা লাভ করবে? আমার সন্তান কখন সেগুলো পাবে?
- ☐ এসব বিশেষ ব্যবস্থা কীভাবে আমার সন্তানকে তার জ্ঞান প্রদর্শনের সুযোগ দেবে?
- ☐ কোন্ পরীক্ষায় আমার সন্তান এসব বিশেষ ব্যবস্থার সুযোগ পাবে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ যেসব বিষয় ক্লাসরুমে ও স্টেটের পরীক্ষায় ভালো করতে আপনার সন্তানকে সাহায্য করবে বলে আপনি বিশ্বাস করেন, তার বর্ণনা দিন

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: ক্লাসরুমে ও স্টেটের পরীক্ষায় আপনার সন্তান যেসব বিশেষ ব্যবস্থা ও সহায়তা পাবে, সেগুলোর তালিকা তৈরি করুন।

## পরামর্শসমূহ

- পরীক্ষায় বিশেষ ব্যবস্থা ক্লাসরুমে, ডিস্ট্রিক্ট এবং স্টেটের পরীক্ষাগুলোতে ব্যবহার করতে হবে সামঞ্জস্যপূর্ণভাবে। বিভিন্ন ধরনের পরীক্ষা ও কখন প্রতিটি বিশেষ ব্যবস্থাগুলো ব্যবহার করা যেতে পারে, সে বিষয়ে IEP টিমকে ব্যাখ্যা করতে বলুন। ত
- এমন কী আপনার সন্তান যদি নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট (বিকল্প মূল্যায়ন, NYSAA)-এ অংশগ্রহণ করে, তবুও পরীক্ষায় বিশেষ ব্যবস্থা নিয়ে কথা বলা গুরুত্বপূর্ণ। NYSAA-তে বিশেষ সুবিধার ব্যবস্থা লাভ করা ছাড়াও শিক্ষার্থীরা ক্লাসরুমের পরীক্ষার পাশাপাশি স্কুল-ভিত্তিক মূল্যায়নেও বিশেষ ব্যবস্থা লাভ করবে।
- যদিও K-2 গ্রেডের শিক্ষার্থীরা স্টেটের মূল্যায়নে অংশগ্রহণ করে না, বিশেষ সুবিধাগুলো আলোচনা করা গুরুত্বপূর্ণ যা আপনার সন্তানকে সে ক্লাসে এবং স্কুলব্যাপী মূল্যায়নে কী শিখেছে তা প্রদর্শন করার সুযোগ দেবে। এই মূল্যায়নগুলোতে আপনার সন্তান তাদের শ্রেষ্ঠ ফলাফল করতে সহায়তা করবে এমন পরীক্ষায় বিশেষ ব্যবস্থাগুলো সম্পর্কে IEP টিম-কে জিজ্ঞাসা করুন।

# স্টেট এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী মূল্যায়নে অংশগ্রহণ

*3-5 গ্রেডের শিক্ষার্থীদের জন্য, আপনার সন্তান স্টেট ও ডিস্ট্রিক্ট মূল্যায়নে (অ্যাসেস্‌মেন্টে) অংশগ্রহণ করবে কিনা, এবং সে যদি সেসব পরীক্ষাদানকালে কোনো বিশেষ ব্যবস্থা লাভ করে, তাহলে সেটা কী হবে, IEP টিম সেবিষয়ে আলোচনা করবে। যদি আপনার সন্তান স্টেট এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী মূল্যায়নে (অ্যাসেস্‌মেন্টে) অংশগ্রহণ করবে না, তাহলে আপনার সন্তানের নিউ ইয়র্ক স্টেট অলটারনেট অ্যাসেসমেন্ট (NYSAA)-সহ আপনার সন্তানের অগ্রগতি কীভাবে পরিমাপ করা হবে, IEP টিম সেবিষয়ে আলোচনা করবে।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের মতো আমার সন্তানও কি সেধরণের ডিস্ট্রিক্ট ও স্টেট-ভিত্তিক পরীক্ষাগুলোয় অংশগ্রহণ করবে? যদি না হয়, কেন?
- ☐ আমার সন্তান এখন যেসব মূল্যায়ন গ্রহণ করবে, সেগুলো ভবিষ্যতে তার স্কুল অপশন অথবা গ্র্যাজুয়েশনে প্রভাব ফেলবে কি?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ হাই স্কুল গ্র্যাজুয়েশন ও কলেজ এবং পেশাগত লক্ষ্যসমূহের প্রাসঙ্গিকতায় আপনার ও আপনার সন্তানের দীর্ঘমেয়াদী শিক্ষাগত লক্ষ্য

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: আপনার সন্তান যে নির্দিষ্ট পরীক্ষায় অংশ নেবে, সেটা এবং কোনো অব্যাহতি (এক্সেম্পশন) থাকলে সেটা লিখে রাখুন।

## পরামর্শসমূহ

- K-2 গ্রেডের শিক্ষার্থীরা স্টেটব্যাপী মূল্যায়নে অংশগ্রহণ করে না, কিন্তু আপনার সন্তান কোনো স্কুল অথবা ডিস্ট্রিক্টব্যাপী অংশগ্রহণ করবে কিনা তা IEP টিম-কে জিজ্ঞাসা করুন।

# প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের সঙ্গে অংশগ্রহণ

*আপনার সন্তান জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসে ও অন্যান্য স্কুল কর্মকাণ্ডে অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে কতটুকু অংশগ্রহণ করবে, IEP অবশ্যই সেটা ব্যাখ্যা করতে হবে। যদি কোনো ছেলেমেয়ে লাঞ্চ, স্কুল ট্রিপ বা সমাবেশে স্কুলের বাকি শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণের জন্য অনুমোদিত না হয়, তাহলে সেটা অবশ্যই তার IEP-তে উল্লেখ থাকতে হবে।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ কখন ও কোন্ ক্ষেত্রগুলোতে আমরা সন্তান অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণ করবে?
- ☐ আমার সন্তান কি কোনো বিকল্প শরীরচর্চা শিক্ষা (ফিজিক্যাল এডুকেশন, PE) ক্লাসে অংশগ্রহণ করবে? ক্লাসগুলির দেখতে কেমন হবে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ আপনার সন্তান জেনারেল এডুকেশন ক্লাসের অপ্রতিবন্ধী সহাপাঠীদের সাথে আপনার সন্তানের অংশগ্রহণ কোন্ পর্যায় পর্যন্ত আপনি চাইছেন

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: কোন্ নির্দিষ্ট ক্লাসে এবং/অথবা দিনের কোন্ সময় আপনার সন্তান অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সঙ্গে অংশগ্রহণ করবে, আপনি সেটা লিখে রাখুন। কোনো বিশেষ সহায়তা বা ব্যবস্থা করা হবে, সেটার তালিকা তৈরি করুন।

## পরামর্শসমূহ

- সবচেয়ে বেশি যতটুকু পর্যন্ত উপযুক্ত হয়, প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে পড়ালেখা করতে হবে। এটা আইন, তবে গবেষণায়ও দেখা গেছে যে, সাধারণ শিক্ষার ক্লাসরুমে অধিক সময় অংশগ্রহণের ফলে তা প্রমিতমান পরীক্ষাগুলোতে অধিকতর স্কোর অর্জন, স্কুলে অনুপস্থিতি হ্রাস, এবং সমস্যাপূর্ণ আচরণ হ্রাস করার দিকে নিয়ে যায়। এসব ফলাফল শিক্ষার্থীর প্রতিবন্ধিতা, প্রতিবন্ধিতার তীব্রতা, লিঙ্গ, কিংবা আর্থ-সামাজিক অবস্থান থেকে স্বতন্ত্র।
- এলিমেন্টারি স্কুলে, শিক্ষার্থীরা সাধারণত তাদের দিনের বেশীরভাগ সময় একটি ক্লাসরুমে ব্যয় করে। যদি আপনার সন্তানকে একটি স্পেশাল ক্লাস সুপারিশ করা হয়েছে, তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে অংশগ্রহণের সুযোগ দেয়া উচিত। আপনার IEP টিমের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিন কোথায় ও কত ঘন ঘন আপনার সন্তান তার অপ্রতিবন্ধী সহপাঠিদের সাথে ক্লাসে অংশগ্রহণ করবে।

# বিশেষ পরিবহন

*আপনার সন্তানকে সবচেয়ে নিরাপদভাবে, আপনার বাড়ির সবচেয়ে কাছাকাছি রাস্তার পাঁশ থেকে স্কুল বাসে করে আনা নেয়া করাকে বিশেষ পরিবহন বলে। স্কুল বাসে একজন বাস চালক ও শিক্ষার্থীদের তত্ত্বাবধানকারী কর্মী, উভয় স্টাফ নিযুক্ত থাকবেন। কিছু কিছু শিক্ষার্থীর বাড়তি বিশেষ ব্যবস্থার প্রয়োজন হয়, যেমন সীমিত যাতায়াত সময়, ট্র্যান্সপোর্টেশন প্যারাপ্রফেশন্যাল, নার্স, এবং অন্য কোনো চিকিৎসা বিষয়ক ব্যবস্থা। চিকিৎসা বিষয়ক বিশেষ ব্যবস্থার জন্য প্রয়োজন একজন চিকিৎসকের কাছ থেকে স্পষ্টভাবে আপনার সন্তানের শারীরিক অবস্থা এবং কেন তার বিশেষ ব্যবস্থার প্রয়োজন, তার স্পষ্ট বিবরণসহ বর্তমান চিকিৎসা বিষয়ক প্রামাণ্য কাগজপত্র। আপনার সন্তানের বিশেষ পরিবহন প্রয়োজন হলে IEP টিম তা নিয়ে আলোচনা করবে।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তানের কি অন্য সাইটে বিশেষ ক্লাস অথবা কর্মসূচিতে আসা যাওয়ার জন্য পরিবহন প্রয়োজন হবে?
- ☐ পরিবহনে বাড়তি বিশেষ ব্যবস্থার অনুরোধ জানাতে কোন্ ফর্ম পূরণ করতে ও কোথায় জমা দিতে হবে? *(আপনাকে এটার জন্য IEP মিটিং-এর আগেই জানাতে হবে যাতে আপনি পর্যালোচনার জন্য প্রয়োজনীয় প্রামাণ্য কাগজপত্র অগ্রীম জমা দিতে পারেন।)*

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ আপনার সন্তান তত্ত্বধান সহ বা ছাড়া, গণপরিবহন ব্যবহার করবে কিনা
- ☐ আপনার সন্তানের যাতায়াতে কোনো বিশেষ সরঞ্জাম প্রয়োজন আছে কিনা (যেমন, অ্যাডাপ্টিভ/খাপ খাইয়ে নেয়ার অথবা অ্যাসিস্টিভ/সহায়ক সরঞ্জাম)
- ☐ যাতায়াতের সময় কোনো বিশেষ যত্ন বা সহায়তা প্রয়োজন হলে সেটা
- ☐ আপনার সন্তান যদি সহায়তা ছাড়া স্কুলে যাতায়াত করতে কেন অক্ষম, তার কারণ
- ☐ আপনার সন্তানের যদি স্থায়ী শারীরিক/অস্থি-বৈকল্য, কোনো মারাত্মক জ্ঞানগত সমস্যা অথবা মারাত্মক মানসিক প্রতিবন্ধিত্ব এবং প্রমাণিত আক্রমণাত্মক এবং/অথবা বিধ্বংসী আচরণের লক্ষণ থাকে, যার কারণে বাসে স্কুল ও বাড়িতে যাওয়া-আসায় কোনো অন্য ব্যবস্থাপনা ও সহায়তা প্রয়োজন হয়
- ☐ আপনার সন্তানের স্বাস্থ্য ও শারীরিক দুর্বলতার বর্ণনা সম্বলিত সাম্প্রতিক চিকিৎসাবিষয়ক কাগজপত্র ও ফর্ম

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: আপনার সন্তান যে বিশেষ পরিবহন বা সহায়তা লাভের যোগ্য, সেগুলোর এবং এসব সহায়তা পাওয়ার জন্য আপনাকে এবং/অথবা টিমকে যে পরবর্তী পদক্ষেপ নিতে হবে, তার তালিকা তৈরি করুন।

## পরামর্শসমূহ

- যখন শিক্ষার্থীর প্রতিবন্ধিতা ছাড়া অন্য কোনো কারণে বিশেষায়িত পরিবহনের প্রয়োজনীয়তা বিবেচনা করবেন, যেমন ছেলেমেয়েকে স্কুলে অথবা বাস স্টপে সাথে করে নিয়ে যেতে অক্ষম, বিশেষায়িত পরিবহন সুপারিশের জন্য যথাযথ নয়। বিশেষায়িত পরিবহনের জন্য যোগ্যতার শর্তাবলী IEP টিমকে ব্যাখ্যা করতে বলুন।

# শিক্ষা নির্দেশনার কাঠামোর সুপারিশ

*সুপারিশকৃত শিক্ষা নির্দেশনার কাঠামোর অর্থ হলো যে শিক্ষাগত ব্যবস্থায় আপনার সন্তানের IEP বাস্তবায়ন করা হবে। শিক্ষা নির্দেশনার কাঠামোতে তালিকাভুক্ত আপনার সন্তান যে ধরনের ব্যবস্থায় স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা লাভ করবে (যেমন কমিউনিটি স্কুল, ডিস্ট্রিক্ট 75, কিংবা নান-পাবলিক স্কুল), সেগুলো তালিকাভুক্ত থাকবে। IEP স্কুল কাঠামো সুপারিশের মৌলিক ভিত্তি গঠন করে। IEP টিম আপনার সন্তানের সামর্থ্য, চাহিদা, লক্ষ্য এবং সেসব লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় পরিষেবাসমূহ সহ শনাক্ত করে IEP-এর সকল উপাদান তৈরি ও বিবেচনার পরেই শুধু IEP টিম আপনার সন্তানের উপযোগী স্কুল কাঠামোর সুপারিশ করবে।*

## কী জিজ্ঞাসা করবেন

- ☐ আমার সন্তান বর্তমানে কিংবা আগামীতে কোথায় স্কুলে যাবে, সেটার উপর আমার সন্তানের সুপারিশকৃত স্কুল কাঠামো কি কোনো প্রভাব রাখবে?
- ☐ এই শিক্ষা নির্দেশনার কাঠামো কি আমার সন্তানের ন্যূনতম নিয়ন্ত্রিত পরিবেশ (LRE) প্রতিনিধিত্ব করে?
- ☐ আমার সন্তানের শিক্ষা নির্দেশনার কাঠামোর সুপারিশ কি তার হাই স্কুল ডিপ্লোমার অপশনগুলো প্রভাবিত করবে?
- ☐ (কোনো NYC DOE স্পেশালাইজড্ স্কুল, অনুমোদিত নন-পাবলিক স্কুল, কিংবা সিটি-ভিত্তিক শিক্ষানির্দেশনা কাঠামো সুপারিশের জন্য) আমার সন্তানকে কী তার অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের অনুরূপ একই বিষয়বস্তু পড়ানো হবে ও একই পরীক্ষা নেওয়া হবে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

## কী জানাবেন

- ☐ আপনার সন্তান কোথায় স্কুলে যাবে, সে প্রসঙ্গে আপনার পছন্দ
- ☐ আপনার সন্তানের স্কুল বাছাই বা ফলাফলে উপর আপনার সন্তানের সুপারিশকৃত কাঠামোর ভূমিকার ব্যাপারে আপনার কোনো সমস্যা থাকলে সেটা

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

## দ্রষ্টব্য

সুপারিশসমূহ: সুপারিশকৃত স্কুল কাঠামোর সাথে সাথে কেনো এটাতে ন্যূনতম নিয়ন্ত্রিত পরিবেশ (LRE) আপনার সন্তানের জন্য বিবেচনা করা হয়েছে, তা লিখে রাখুন। মিটিং-এর পর সুপারিশকৃত কাঠামো সম্পর্কে কোনো সুনির্দিষ্ট তথ্য, যা আপনি স্মরণ রাখতে চান, তা লিখে রাখুন।

## পরামর্শসমূহ

- NYC DOE স্পেশালাইজড্ হাই স্কুল প্রোগ্রাম বা অনুমোদিত নন-পাবলিক হাই স্কুল, ডে অ্যান্ড রেসিডেনশিয়াল স্কুল, আপনার সন্তানের জোন স্কুলে বা আপনার নিকটবর্তী আগ্রহের স্কুলে অংশগ্রহণ করার মতো কিছু কিছু ক্ষেত্রে সুপারিশকৃত স্কুল কাঠামো ভূমিকা রাখতে পারে। সুনির্দিষ্টভাবে পঞ্চম (5) গ্রেড-এর শিক্ষার্থীদের ক্ষেত্রে কিছু সুপারিশকৃত কাঠামো আপনার সন্তানের মিডল্ স্কুল নির্বাচনের ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে। তআপনার সন্তানের বাছাইয়ের ক্ষেত্রে সুপারিশকৃত স্কুল কাঠামো কোনো ভূমিকা রাখবে কি না, সেটা IEP টিমকে জিজ্ঞাসা করুন।

# সংক্ষিপ্তসার

## পার্ট 1: প্রমোশনের শর্ত

*3 থেকে 8 গ্রেডে, পরবর্তী গ্রেডে উত্তরণের জন্য আপনার সন্তান যদি স্টেট বা সিটিভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ করে, তাহলে আপনার সন্তানকে সকল শিক্ষার্থীর মতো একই প্রমিত প্রমোশনের শর্তের অধীনে বিবেচনা করে হবে কিনা, অথবা আপনার সন্তানকে ভিন্ন কোনো প্রমোশনের শর্ত পূরণ করতে হবে কিনা, IEP টিম তা আলোচনা করবে। যদি সংশোধিত প্রমোশনের শর্ত সুপারিশ করা হয়, তাহলে সে মানদণ্ড IEP-তে অবশ্যই বর্ণনা করতে হবে। এটা শুধু অত্যন্ত বিরল পরিস্থিতিতে হওয়া উচিত।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ এক গ্রেড থেকে অপর গ্রেডে প্রমোশনের বিষয়টি কীভাবে নির্ধারণ করা হবে?
- ☐ প্রমিত প্রমোশনের শর্ত কী কী এবং কীভাবে আমার সন্তানকে এসব প্রমোশনের মান-এর সাথে তুলনা করা হবে।
- ☐ প্রমোশনের মান কি আমার সন্তানকে শেষ অবধি প্রমিত মানদণ্ডের জন্য প্রস্তুত করতে সুপারিশ করা হয়?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ গ্রেড-স্তরের প্রমিত মান পূরণে আপনার সন্তানের সামর্থ্য প্রসঙ্গে আপনার প্রত্যাশা

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### পরামর্শসমূহ

- IEP আছে, এমন অতি অল্প সংখ্যক শিক্ষার্থীরই শুধু সংশোধিত মানদণ্ড প্রয়োজন হবে। আপনার সন্তানকে যদি একটি সংশোধিত মান অনুযায়ী বিবেচনা করা হয়, তাকে তার IEP-তে উল্লিখিত সাক্ষরতা এবং/অথবা গণিতের এইসব বার্ষিক লক্ষ্য অর্জন করতে হবে অথবা প্রমোশনের জন্য পর্যাপ্ত অগ্রগতি দেখাতে হবে। যদি সংশোধিত প্রমোশনের মানদণ্ড সুপারিশ করা হয়, তাহলে IEP-তে অবশ্যই সে মানদণ্ডের বর্ণনা দেওয়া থাকতে হবে এবং আপনার সন্তানের কেন সংশোধিত প্রয়োজন, তার কারণ উল্লেখ থাকতে হবে। এটা স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে প্রমোশনের মানদণ্ড পরিবর্তন হয় সাময়িক এবং তা হাই স্কুল পর্যায়ে করা হয় না।

# সংক্ষিপ্তসার

## পার্ট 2: পিতামাতার উদ্বেগ ও অন্যান্য বিকল্প যেগুলো বিবেচিত হয়েছে

*IEP-এর "সংক্ষিপ্তসার" পৃষ্ঠার অন্তর্ভুক্ত আছে দুইটি গুরুত্বপূর্ণ উপকরণ: ত "অন্যান্য বিকল্প যেগুলো বিবেচিত হয়েছে" এবং "পিতামাতার উদ্বেগসমূহ।" যেসব শিক্ষাগত কাঠামো বিবেচিত হয়েছে এবং সেগুলো কেনো বর্জিত হয়েছে, সেগুলো IEP-তে "অন্যান্য বিকল্প যেগুলো বিবেচিত হয়েছে" সেকশনে তালিকাভুক্ত থাকবে। যেমন, যখন সুপারিশকৃত কাঠামো নিয়ে আলোচনা হয়, তখন IEP টিম প্রথমে অবশ্যই একটি কমিউনিটি স্কুলে সাধারণ শিক্ষা ক্লাসরুমের কথা বিবেচনা করবে। এটি প্রত্যাখ্যাত হলে IEP-তে অবশ্যই উল্লেখ থাকতে হবে যে সেটি প্রত্যাখ্যাত হয়েছে। আপনার সন্তানের লেখাপড়া বা স্পেশাল এডুকেশন পরিষেবা সম্পর্ক আপনার কোনো সাধারণ উদ্বেগ থাকলে তা "পিতামাতার উদ্বেগসমূহ" সেকশনে নথিভুক্ত করা হবে।*

### কী জিজ্ঞাসা করবেন

- ☐ সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম/সার্ভিস সেকশনে IEP টিম যেসব বিষয় আলোচনা করেছে, সেগুলো ছাড়া বিবেচনার জন্য আর কী কী বিষয় রয়েছে? ত
- ☐ কেন সেই অপশনগুলো বর্জিত হয়েছে?

অন্য যেসব প্রশ্ন আমি জিজ্ঞাসা করতে পারি:

### কী জানাবেন

- ☐ অন্য যেসব স্পেশাল এডুকেশন পরিষেবা রয়েছে যা আপনার সন্তানের উপকারে আসবে বলে আপনি বিশ্বাস করেন।
- ☐ আপনার সন্তানের শিক্ষা বা স্পেশাল এডুকেশন পরিষেবা সম্পর্কে আপনার যে সাধারণ উদ্বেগ রয়েছে। এই সেকশনে IEP টিম আপনার উদ্বেগসমূহ নথিভুক্ত করবে।

অন্য যেসব তথ্য আমি জানাতে চাই:

### দ্রষ্টব্য

সুপারিশসমূহ: অন্য প্রোগ্রাম এবং/অথবা পরিষেবাসমূহ, যা বিবেচনা করা হয়েছে ও কেনো প্রত্যাখ্যাত হয়েছে, এবং আপনার সন্তানের শিক্ষা সম্পর্কে আপনার উদ্বেগ তালিকাভুক্ত করুন।

### পরামর্শসমূহ

- স্কুলগুলো IEP-তে প্রদত্ত রূপরেখা অনুযায়ী শিক্ষার্থীদের চাহিদা পূরণ করবে বলে প্রত্যাশিত। কোনো স্কুলে আগে দেওয়া হয়নি বলে কোনো পরিষেবা প্রত্যাখ্যাত হতে পারবে না। আপনি যদি সম্মত হন যে, IEP টিম যে প্রোগ্রাম সুপারিশ করেছে, তা আপনার সন্তানের জন্য উপযুক্ত, তাহলে স্কুলকে সে প্রোগ্রাম দিতে হবে। কোনো নির্দিষ্ট প্রোগ্রাম বা পরিষেবা প্রদানে স্কুলের সামর্থ্য সম্পর্কে যদি আপনার উদ্বেগ থাকে, তাহলে আপনাকে সে বিষয়টি নিয়ে প্রিন্সিপ্যালের সাথে কথা বলতে হবে। যদি প্রিন্সিপ্যালের সাথে কথা বলার পরও আপনার উদ্বেগ থাকে, তাহলে আপনি আপনার ডিস্ট্রিক্ট সুপারিন্টেনডেন্ট অফিসের ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলতে পারেন।

## দ্রষ্টব্য

*সুপারিশসমূহ: কোনো চূড়ান্ত দ্রষ্টব্য বিষয় থাকলে সেটা লিখে রাখার বা আপনার স্মরণে রাখার জন্য এই অংশটি ব্যবহার করুন। কখন চূড়ান্ত IEP প্রত্যাশা করতে পারেন ও কীভাবে তা আপনার কাছে পাঠানো হতে পারে, আপনি চাইলে সেটা এখানে লিখে রাখতে পারেন।*

দ্রষ্টব্য

দ্রষ্টব্য

দ্রষ্টব্য

# জেনে নিন ও জানিয়ে দিন

শিক্ষার্থী-কেন্দ্রীক এলিমেন্টারি স্কুল IEP তৈরিতে পরিবার ও স্কুলসমূহের জন্য একটি সহায়ক নির্দেশিকা

NYC Department of Education



অতিরিক্ত তথ্যের জন্য 718-935-2007 নম্বরে ফোন করুন

অথবা www.schools.nyc.gov/specialeducation সাইট দেখুন

T&I 31348 (Bangla/Bengali) ES Guide